যুগান্তর

তারিখ ··· 26 MAR 2016 ··· ···
পৃষ্ঠা ··· ৩ ··· কলাম ··· ৪ ······

# সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে

## —নুরুল ইসলাম বিএসসি

**চট্টগ্রাম ব্যুরো**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আলহাজ নুরুল ইসলাম বিএসসি বলেছেন, শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না। শিক্ষাই পারে একটি জাতিকে সভ্য করে তুলতে। শিক্ষাই পারে জাতিকে বদলে দিতে। তাই সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে কাজ করে যাচ্ছে।

শুক্রবার সকালে বাকলিয়া থানাধীন বিএসসি নগর এলাকায় দিলোয়ারা জাহান মেমোরিয়াল স্কুল অ্যান্ড কলেজে আয়োজিত সংবর্ধনা এবং বিদ্যালয়ের ২০১৬ সালের এইচএসসি

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

# সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে

(৩য় পৃষ্ঠার পর)

পরীক্ষার্থীদের বিদায় ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা
বলেন। অধ্যক্ষ মো. মারুফুল ইসলামের সভাপতিত্বে কলেজ মাঠে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে
১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ড কাউন্সিলর হারুন উর রশিদ, ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আহমেদ
ইলিয়াছ, শিক্ষা প্রকৌশল অধিদফতরের সহকারী প্রকৌশলী মো. আসিফুর রহমান, কলেজের
গভর্নিং বডির সদস্য হাজী আবদুল মোনাফসহ প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন
অধ্যাপক প্রকাশ কুমার চৌধুরী। শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রবাসী কল্যানমন্ত্রী বলেন, আগামীতে
দেশের নেতৃত্বে তোমাদের এগিয়ে আসতে হবে। নিজেকে আদর্শ নাগরিক হিসেবে গড়ে তুলতে
শিক্ষার বিকল্প নেই। অনুষ্ঠানে অন্য বক্তারা বাকলিয়ার অনগ্রসর জনগোষ্ঠীকে শিক্ষার আলোয়
আলোকিত করার লক্ষ্যে দিলোয়ারা জাহান মেমোরিয়াল স্কুল অ্যান্ড কলেজ প্রতিষ্ঠা করার জন্য
নুরুল ইসলাম বিএসসির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পাশাপাশি তারা মেয়েদের উচ্চ শিক্ষার
সুবিধার্থে ওই কলেজকে ডিগ্রিতে উন্নীত করার দাবি জানান।
অনুষ্ঠানের আগে শিক্ষা প্রকৌশল অধিদফতরের অধীনে তথ্য প্রযুক্তি সহায়তায় শিক্ষার মানোন্নয়ন
শীর্ষক প্রকল্পের পাঁচতলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন নুরুল ইসলাম বিএসসি।